# স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) বাস্তবায়ন সম্পর্কিত পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

সভার স্থান ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ) এর অফিস কক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়।

সভার তারিখ ও সময় ঃ ০২/১০/২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো।

১। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন (মনজু), সহকারী পরিচালক (প্রশাসন-১) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়কে আলোচ্যসূচি নিয়ে আলোচনার জন্য অনুরোধ জানান। সদস্য সচিব জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থ বছরে ০৪ টি সভা আয়োজন করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। এ সভাটি ২০২২-২৩ অর্থ বছরের ২য় সভা। গত ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখে ৬(ছয়) সদস্য বিশিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে একটি পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছিল। উক্ত কমিটিতে সহকারী প্রকৌশলী (তড়িৎ-প্রঃ ব্যঃ), এইচইডি, প্রধান কার্যালয়কে সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন করা হয়েছিল। তিনি বর্তমানে এইচইডি'তে কর্মরত নেই; বিধায় কমিটিতে একজন নতুন সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট অন্তর্ভূক্ত করা প্রয়োজন। এক্ষেত্রে এস্টিমেটর (তড়িৎ) জনাব মোঃ আশিকুর রহমান-কে কমিটিতে অন্তর্ভূক্ত করা সহ বিকল্প ফোকাল পয়েন্ট হিসেবে কমিটি পুনর্গঠন করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয় একমত পোষণ করেন এবং বলেন যে, মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত নিয়ম অনুযায়ী কমিটি পুনর্গঠন করতে হবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যেতে পারে। কমিটির অপর সদস্য জনাব মোঃ শহীদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ) অনলাইন ভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) সম্পর্কিত সেবা ওয়েবসাইটে রাখার বিষয়ে প্রস্তাব করেন এবং সেবার মান সহজিকরণ বিষয়ে মতামত পোষণ করেন।

২। কমিটির সদস্য সচিব জনাব সুলতান মাহামুদ জাকির হোসেন (মনজু), সহকারী পরিচালক (প্রশাসন-১) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয় বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন আঞ্চলিক ও মাঠ পর্যায়ের অফিসের কর্মকর্তাগণের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা যেতে পারে।

৩। সভায় এতদ্‌সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) এর ২০২২-২৩ অর্থবছরের কমিটি পুনর্গঠন করতে হবে;
(খ) আঞ্চলিক ও মাঠ পর্যায়ের অফিসের কর্মকর্তাগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) বিষয়ক সভা আয়োজন করতে হবে;
(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা যেতে পারে। এ ব্যাপারে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করতে হবে;
(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) এইচইডি'র ওয়েব সাইটে হালনাগাদকরণ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/10/2022

( প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন )
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও প্রশাসন)
এইচইডি, প্রধান কার্যালয়
ও
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

02/10/22
02.10.22
02/10/22



CamScanner

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা

সভার তারিখ : ০২/১০/২০২২ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, এইচইডি, ঢাকা।

| ক্রমিক নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | মো: আব্দুল হাকিম তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) (চ: দা:) | এইচইডি প্রধান কার্যালয় | [স্বাক্ষর] 02/10/22 |
| ২ | মো: শহিদুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (সিভিল) (চ:দা:) | এইচইডি, প্রধান কার্যালয় | [স্বাক্ষর] 02.10.2022 |
| ৩ | নিলয় পারভেজ উপ সহকারী প্রকৌশলী (সি/এম-২) | এইচইডি প্রধান কার্যালয় | [স্বাক্ষর] 02.10.22 |
| ৪ | সুলতান মাহমুদ মোহাম্মদ হাসান মন্ডল সহকারী পরিচালক (প্রকৌশল-১) (চ:দা:) | HED. HQ | [স্বাক্ষর] 02/10/22 |
| ৫ | | | |
| ৬ | | | |
| ৭ | | | |



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

মুজিব শতবর্ষ MUJIB 100
মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১১.১৮.০৪০.২১- ২৬৮৮ তারিখঃ ২৯/০৯/২০২২

**"সভার সংশোধিত নোটিশ"**

১। আগামী ০৩/১০/২০২২ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১০.০০ ঘটিকায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রধান কার্যালয়ের সভাকক্ষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ) মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভা অনিবার্য কারণ বশতঃ আগামী ০২/১০/২০২২ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্টক্রমে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচিঃ

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্ম পরিকল্পনা, ২০২২-২০২৩ হালনাগাদকরণ;

(২) বিবিধ।

২৯/৯/২২
(সুলতান মাহমুদ জাকির হোসেন মনজু)
সহকারী পরিচালক (প্রশাসন-১, চলতি দায়িত্ব)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম।

বিতরণ ঃ
কার্যক্রমঃ
১। জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, পরিবীক্ষণ কমিটি।
২। জনাব মোঃ শহীদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ ডিজাইন) (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, পরিবীক্ষণ কমিটি।
৩। জনাব নিলয় পারভেজ, সহকারী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা-১), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, পরিবীক্ষণ কমিটি।
৪। সহকারী প্রকৌশলী (তড়িৎ-প্রঃ ব্যঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, পরিবীক্ষণ কমিটি।

সদয় অবগতি/অবগতি ঃ

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এবং লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ) মহোদয় ও আহবায়ক, পরিবীক্ষণ কমিটি এর ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

D:\Citizen chart. meeting.docx

CamScanner